

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
তারিখ: ২০/১০/২০
অতি: সচিব (প্রশাসন)
অতি: সচিব (উন্নয়ন)
অতি: সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বাস্যতা)
অতি: সচিব (হাসপাতাল)
অতি: সচিব (বাজেট)
অতি: সচিব (অর্থিক ব্যবস্থাপনা ও অর্থায়ন)
অতি: সচিব (নার্সিং ও মিডওয়াইফারী)
অতি: সচিব (ঔষধ প্রশাসন ও সাইন)
যুগ্মসচিব
যুগ্মপ্রধান
একান্ত সচিব
২০/১০/২০



পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৭০.০৬.০১.১৯- ২৪৪

০৩ কার্তিক ১৪২৭
১৯ অক্টোবর ২০২০

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের Allocation of Business সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, ড.আহমদ কায়কাস এর সভাপতিত্বে ১৩/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
যুগ্মসচিব
(প্রশাসন অধিশাখা)
ডায়েরী নং ২২০৩
তারিখঃ ২০/১০/২০
উপসচিব (.....)
সিঃসঃসঃ (.....)
সহকারী সচিব (.....)
কম্পিউটার সেন্স/লাইব্রেরী/হিবক
অতিরিক্ত/যুগ্মসচিব
ব্যক্তিগত কর্মকর্তা
জন্যান

১৩/১০/২০২০

(মুহম্মদ শাহীন ইমরান)

পরিচালক-৩

ফোন: ৫৫০২৯৪২৩

e-mail: dir3@pmo.gov.bd

pmodirector3@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-২৫৬৮

তারিখঃ ১৬ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
০১ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (প্রাপ্ততার ক্রমানুসারে নহে):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (পার-২/পার-৩/পার-৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সহকারী সচিব (শুজলা/পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সহকারী সচিব (এইচআর-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৩/১০/২০২০

(জাকিয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের Allocation of Business সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. আহমদ কায়কাউস প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
সভার স্থান	: প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভা কক্ষ (২য় তলা)
সভার তারিখ	: ১৩ অক্টোবর ২০২০
সময়	: বিকাল ০৩.০০ টা
উপস্থিতি	: পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, Allocation of Business সংক্রান্ত বিষয়াদি মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন। Allocation of Business নিয়ে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মধ্যে কিছুটা মতদ্বৈততা থাকায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর অনুরোধের পরিপ্রেক্ষিতে আজকের এই সভাটির আয়োজন করা হয়েছে। তিনি Allocation of Business এর উপর তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩.০২.২০১৬ তারিখের অনুশাসন এবং পরবর্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক খসড়া Allocation of Business এর স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৮ নম্বর ক্রমিকে উল্লেখ ছিল- “Administration of B.C.S (Family Planning) and BCS (Health) those who work in Medical Colleges and Medical College’s Hospitals.”। তাছাড়া স্বাস্থ্য সেবা বিভাগের ৩২ নম্বর ক্রমিকে উল্লেখ ছিল “Administration of B.C.S (Health) who works in Hospitals other than Medical College’s Hospital.”। কিন্তু ২টি বিভাগের Allocation of Business গত ১৬.০৩.২০১৭ তারিখে চূড়ান্ত অনুমোদনের সময় মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা যথাযথভাবে প্রতিপালিত না হওয়ায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কার্যক্রম সম্পাদনে নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে।

তিনি আরও বলেন যে, সকল সরকারি মেডিকেল কলেজ, মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান, ডেন্টাল কলেজ, ম্যাটস ও আইইএচটিসমূহের বিভিন্ন পদে প্রভাষক, সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে কর্মরত কর্মকর্তাদের বদলি, পদোন্নতি ও পদায়ন স্বাস্থ্য সেবা বিভাগ হতে সম্পন্ন করায় মেডিকেল কলেজসমূহের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম সম্পাদনে সমন্বয় ও জটিলতা তৈরি হচ্ছে। তাছাড়া, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্বাস্থ্য সেবা বিভাগের মাধ্যমে পরিচালিত হওয়ায় স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্থাপনাসমূহের নির্মাণ ও মেরামত সংক্রান্ত কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

ab


০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের ১৬ মার্চ ২০১৭ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে দু'টি ভাগে বিভক্ত করা হয় এবং Allocation of Business এর মাধ্যমে দু'টি বিভাগের কার্যক্রম সুনির্দিষ্ট করা হয়। সে সময় থেকে দু'টি বিভাগ Allocation of Business অনুযায়ী কাজ করে আসছে। দু'টি বিভাগের কার্যবন্টন/কার্যসম্পাদনে যৌক্তিক কারণে যদি কোন সংশোধনী/পরিবর্তন আনয়ন করতে হয় সেক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে তা সম্পন্ন করা প্রয়োজন। তবে, দু'টি বিভাগ যাতে সুষ্ঠুভাবে কার্যসম্পাদন করতে পারে সেজন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় সংশোধনী সম্পন্ন না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ে বাস্তবতা ও প্রয়োজন অনুযায়ী উভয় বিভাগের পারস্পরিক সমন্বয়, আন্তরিকতা ও সমঝোতার মাধ্যমে কাজ করার আবশ্যিকতা রয়েছে।

বিস্তারিত আলোচনান্তে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) সরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, বিশেষায়িত চিকিৎসা প্রতিষ্ঠান, ম্যাটস ও আইইএচটিসমূহে কর্মকর্তাদের বদলি/পদায়ন/প্রত্যাহারের প্রস্তাব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রস্তাবসমূহকে অগ্রাধিকার বিবেচনা করে স্বাস্থ্য সেবা বিভাগ কর্মকর্তাদের বদলি/পদায়ন/প্রত্যাহারে সম্মতি জ্ঞাপন করবে।

(খ) এক মেডিকেল কলেজ থেকে অন্য মেডিকেল কলেজে বা এক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে কর্মকর্তাদের বদলি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগ নিজস্ব যৌক্তিকতায় করতে পারবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৬/০৩/২০
(ড. আহমদ কায়কাউস)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব